গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।
www.rdo.rangpurdiv.gov.bd

স্মারক নং-৫৭.০৩.৮৫৪৯.১০১.৪০.০১১.২২-২৫১ তারিখ ঃ ২৩ জুন ২০২৫ খ্রি.

# উপবৃত্তি কার্যক্রমে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান অন্তর্ভূক্তির বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকার উপবৃত্তি সেলের স্মারক নং-৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৩.২৫-২৭৭/১ তারিখ ২২ জুন ২০২৫ খ্রি. মোতাবেক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ-অষ্টম শ্রেণি), এসএসসি (ভোকেশনাল), দাখিল (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএমটি) ও চার বছর মেয়াদি ডিপ্লোমা কোর্স পরিচালনাকারী সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহসমূহকে (যে সকল শিক্ষা প্রতিষ্ঠান অদ্যাবধি উপবৃত্তি কার্যক্রমে অন্তর্ভূক্ত হয়নি/DTE Stipend MIS-এ ইতোপূর্বে অন্তর্ভূক্ত হয়নি) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদানের চলমান কার্যক্রমে (২০২৫-২৬ অর্থবছর) অন্তর্ভুক্তির বিষয়ে দরখাস্ত আহবান করেছে (কপি সংযুক্ত)।

২। উক্ত উপবৃত্তির কার্যক্রমে অন্তর্ভুক্তির জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত এবং রংপুর বিভাগে অবস্থিত আগ্রহী সকল সরকারি/বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে **(উপবৃত্তি নির্দেশিকা-২০২৩ এর পরিশিষ্ট-খ)**-এর সাথে সংযুক্ত আবেদন ফর্মে নিম্নোক্ত কাগজপত্রাদিসহ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবরে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে নিম্নোক্ত কাগজপত্রাদিসহ দুই প্রস্থ আবেদন অত্র কার্যালয়ে আগামী ৩১/০৭/২০২৫ খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সরাসরি জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। উক্ত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

(ক) প্রতিষ্ঠান অন্তর্ভুক্তির আবেদন (প্রতিষ্ঠান প্যাডে আলাদা আবেদন করে সংযুক্ত ফর্ম তথ্য দিয়ে পূরণ করে দিতে হবে);
(খ) প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদনের কপি (যদি থাকে);
(গ) প্রতিষ্ঠানের EIIN কোডের প্রমাণক;
(ঘ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত প্রতিষ্ঠান কোডের প্রমাণক;
(ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমোদনের কপি;
(চ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমোদনের হালনাগাদকরণের কপি অথবা
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণক (যে কোন একটি);
(ছ) ট্রেড/টেকনোলজির বিভিন্ন সময়ে সংযোজনের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে)।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

২৬/৬/২০২৫
(খন্দকার মোঃ নাহিদ হাসান)
পরিচালক (উপসচিব)
মোবাইল ঃ ০১৭১২-৭৪৪০৯৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ-
১। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
২। পরিচালক (প্রশাসন/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩। জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর।
৪। অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট (সকল), রংপুর বিভাগ। বিজ্ঞপ্তিটি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর (সকল)।
৬। অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল), রংপুর বিভাগ। বিজ্ঞপ্তিটি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), রংপুর বিভাগ, রংপুর। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
৮। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক, বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, রংপুর বিভাগ, রংপুর।
৯। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
উপবৃত্তি সেল
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

নম্বর: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৩.২৫- ২৭৭/১ তারিখ : ২২ জুন, ২০২৫ খ্রি.

## উপবৃত্তি কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠান অন্তর্ভুক্তির বিজ্ঞপ্তি

এতদ্দারা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ-অষ্টম শ্রেণি), এসএসসি (ভোকেশনাল), দাখিল (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএমটি) ও চার বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স পরিচালনাকারী সরকারী/ বেসরকারী প্রতিষ্ঠানসমূহকে ( যে সকল শিক্ষা প্রতিষ্ঠান অদ্যাবধি উপবৃত্তি কার্যক্রমে অন্তর্ভুক্ত হয়নি/ DTE Stipend MIS-এ ইতোপূর্বে অন্তর্ভুক্ত হয়নি) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদানের চলমান কার্যক্রমে (২০২৫-২৬ অর্থ বৎসরে) অন্তর্ভুক্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, DTE Stipend MIS-এ ইতোপূর্বে অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

২। উপবৃত্তি কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠান অন্তর্ভুক্তির জন্য নির্ধারিত আবেদন ফরম (উপবৃত্তি নির্দেশিকা-২০২৩ এর পরিশিষ্ট 'খ')-এর সাথে প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযোজন করে আগামী ০১ জুলাই ২০২৫ খ্রি. হতে ৩১ জুলাই ২০২৫ খ্রি. তারিখের মধ্যে স্ব-স্ব আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে আবেদনের দুই প্রস্থ দাখিল করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা:

ক) প্রতিষ্ঠান অর্ন্তভুক্তির আবেদনপত্র (প্রতিষ্ঠান প্যাডে আলাদা আবেদন করে সংযুক্ত ফরমে তথ্য দিয়ে পূরণ করে দিতে হবে);
খ) প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদনের কপি (যদি থাকে);
গ) প্রতিষ্ঠানের EIIN কোডের প্রমাণক;
ঘ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত প্রতিষ্ঠান কোডের প্রমাণক;
ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত পাঠদানের অনুমোদনের কপি;
চ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত পাঠদানের অনুমোদনের হালনাগাদকরণের কপি অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণক (যে কোন একটি) এবং;
ছ) ট্রেড/টেকনোলজির বিভিন্ন সময়ে সংযোজনের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে)।

৩। আঞ্চলিক পরিচালকগণ 'উপবৃত্তি কার্যক্রমে অন্তর্ভুক্তির জন্য আবেদনকারী প্রতিষ্ঠান' হতে প্রাপ্ত আবেদন ও ডকুমেন্টসমূহ যাচাই বাছাই করে মতামতসহ ডকুমেন্টসজ্জিত আবেদনের এক প্রস্থ হার্ডকপি নিম্নোক্ত ছক অনুযায়ী অনুযায়ী ১০ আগস্ট ২০২৫ খ্রি. তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করবেন।

(আঞ্চলিক অফিস কর্তৃক পূরণীয়)

| | | | | | প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত আছে কিনা (থাকলে 'হ্যাঁ' লিখুন; না থাকলে 'না' লিখুন | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | বাকাশিবো কর্তৃক প্রতিষ্ঠান কোড | EIIN কোড | পূরণকৃত ফরমসহ প্রতিষ্ঠান অর্ন্তভুক্তির আবেদন | প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদনের কপি (যদি থাকে) | প্রতিষ্ঠানের EIIN কোডের প্রমাণক | প্রতিষ্ঠান কোডের প্রমাণক | বাকাশিবো কর্তৃক পাঠদানের অনুমোদনের কপি | পাঠদানের হালনাগাদ কপি/ এফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণক (যে কোন একটি) | ট্রেড/টেকনোলজির বিভিন্ন সময়ে অন্তর্ভুক্তিকরণের অনুমোদনের কপি/ প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) | আঞ্চলিক কার্যালয়ের মতামত | সুপারিশ না করার কারণ (প্রযোজ্য ক্ষেত্রে) |

৪। "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩" এর প্রযোজ্য সকল নির্দেশ প্রতিপালন করতে হবে।

৫। আবেদন সংক্রান্ত যাবতীয় তথ্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.techedu.gov.bd) পাওয়া যাবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন গৃহীত হবে না। এ বিজ্ঞপ্তি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রচার করা হলো।

22.06.25

(প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান)
পরিচালক
(পরিবীক্ষণ ও মূল্যায়ন/পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

নম্বর: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৩.২৫- ২৭৭/১(২১) তারিখ : ২২ জুন, ২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। বিভাগীয় কমিশনার ....................(সকল);